



দৈনিক আজাদী

স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



মঙ্গলবার

২ নভেম্বর ২০২১

www.edainikazadi.net রেজিঃ নং-৮-৫৪ | ৬২তম বর্ষ ৫৮ সংখ্যা | ১৭ কার্তিক ১৪২৮ সাল | ২৫ বইউল আউয়াল ১৪৪৩ হিজরি

৮ পৃষ্ঠা

৬ টাকা

ইউএসটিসি ও প্রিমিয়ার ভার্টিসিটর যৌথ উদ্যোগে সেমিনার

ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি চিটাগাং (ইউএসটিসি) ও প্রিমিয়ার ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে গতকাল সোমবার প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে 'আইএসএস বেইজড স্টিম এডুকেশন ইন বাংলাদেশ' শীর্ষক সেমিনার ইউএসটিসির উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. অনুপম সেন। প্রধান বক্তা ছিলেন যুক্তরাষ্ট্রের এমআইটির প্রফেসর মিজানুল হক চৌধুরী। অনুষ্ঠান সম্বলনা করেন ইউএসটিসির আইকিউএসির সহকারী পরিচালক ড. শুভ্র প্রকাশ দত্ত। সূচনা বক্তব্য রাখেন ইউএসটিসির উপাচার্য প্রফেসর ড. মো. জাহাঙ্গীর আলম। প্রধান বক্তা ছিলেন প্রফেসর মিজানুল হক চৌধুরী। সেমিনারে ইউএসটিসির প্রো-ভিসি প্রফেসর ড. নুরুল আবছার, ইউএসটিসির আইকিউএসির পরিচালক ড. সৈয়দ আলী ফজল, ইউএসটিসির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার দিলীপ কুমার বড়ুয়া, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খোরশিদুর রহমান এবং ইউএসটিসি এবং প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 02 November 2021, Page: 3, Col: 4

<https://www.edainikazadi.net/index.php?page=1&date=2021-11-02>